গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ
গোপালগঞ্জ ।
www.tscgopal.gov.bd

স্মারক নং - ৩৭.০৩.৩৫৩২.৪০০.১৬.০০১.১৬/৪০২ তারিখ ঃ ২২/০৮/২০১৭ খ্রিঃ ।

বরাবর ঃ

পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর
ঢাকা -১২০৭।

বিষয় ঃ ২০১৭-১৮ অর্থ -বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) ও বার্ষিক কর্ম-পরিকল্পনা (Annual Work Plan) প্রেরণ প্রসঙ্গে ।

সূত্র ঃ স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১০.০১৮.১০.১৫-(পার্ট-২) ৫৪৮ তারিখ ঃ ২০/০৮/২০১৭ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে জানানো যাইতেছে যে, ২০১৭-১৮ অর্থ -বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং প্রণীত ২০১৭-২০১৮ অর্থ -বছরের বার্ষিক কর্ম-পরিকল্পনার সফট কপি পিডিএফ আকারে techedu09@gmail.com ই- মেইলে প্রেরন করা হইল।

২২/৮/২০১৭

(ড. মোঃ মিজানুর রহমান)
অধ্যক্ষ
গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ
গোপালগঞ্জ
ফোন ঃ ০২৬৬৮৫৪২৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

এবং

মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-এর

মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৭- জুন ৩০, ২০১৮

সূচিপত্র

ক্র.নং	বিবরণ	পৃষ্ঠা নং
০১.	গোপালগঞ্জ টিএসসি-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
০২.	উপক্রমণিকা	০৫
০৩.	সেকশন ১ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন গোপালগঞ্জ টিএসসি-এর রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	০৬
০৪.	সেকশন ২ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	০৭
০৫.	সংযোজনী ১ঃ শব্দসংক্ষেপ (Acronyms)	১২
০৬.	সংযোজনী ২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১৩
০৭.	সংযোজনী ৩ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা	১৬
০৮.	বৎসরান্তে কর্মসম্পাদন মূল্যায়ন	১৮

গোপালগঞ্জ টিএসসি এর কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the performance of the Gopalganj.TSC)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

ক) সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৪- ২০১৫ থেকে ২০১৬-২০১৭ পর্যন্ত) ঃ

গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজটি গোপালগঞ্জ জেলার ভবিষ্যৎ প্রজন্মকে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ হিসাবে গড়ে তুলতে বদ্ধপরিকর। শিক্ষার্থীদের কারিগরি শিক্ষার পাশাপাশি খেলাধুলা, নৈতিকতা, মূল্যবোধ, সামাজিকতা ইত্যাদি শিক্ষার প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। আইসিটি শিক্ষার প্রতি বিশেষ গুরুত্ব দিয়ে আইসিটি ক্লাব গঠন করা হয়েছে। ফলে প্রতি বৎসর ডিজিটাল উদ্ভাবনী মেলাতে জেলা পর্যায়ে ১ম / ২য় পুরস্কার অর্জন করা সম্ভব হয়েছে। সকল জাতীয় দিবস অত্যন্ত গুরুত্ব সহকারে পালন করা হয়। জেলা প্রশাসন আয়োজিত বিজয় দিবস, স্বাধীনতা দিবসের কুচকাওয়াজ-এ ২য় পুরস্কার এবং ডিসপ্লেতে ২য় পুরস্কার অর্জন। জাতীয় শিক্ষা সপ্তাহ '২০১৭ তে জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে ০৩ টি ক্যাটাগরিতে কারিগরি শিক্ষায় শ্রেষ্ঠ হিসেবে পুরস্কার অর্জন এবং কারিগরি শিক্ষায় বিভাগীয় পর্যায়ে প্রতিষ্ঠানের অধ্যক্ষ ড.মোঃ মিজানুর রহমান শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান হিসাবে পুরস্কার লাভ। এছাড়া , গোপালগঞ্জ জেলার ৫ জন প্রথিতযশা শ্রেষ্ঠ শিক্ষকের মধ্যে তিনি একজন হওয়ার গৌরব অর্জন করেন। জরাজীর্ন ক্যাম্পাস মেরামত করে ফুলের বাগান করে শোভাবর্ধন করা হয়েছে। ৫ টি মাল্টিমিডিয়া প্রজেক্টর এর ব্যবহার করে ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে শ্রেনী কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এ বছরে ২০ জোড়া বেঞ্চ তৈরি করা হয়েছে। এসএসসিতে পাশের হার ৭০.৩১% এইচএসসিতে ৭৫% । ব্যবহারিক ক্লাসের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া হয়, যাতে করে পাশ করার পর বেকার থাকতে না হয়। শিক্ষক ও কর্মচারিদের ইন হাউজ প্রশিক্ষণদান করা হয়েছে। অভিভাবক দিবস পালন ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও উদ্যোক্তাদের সহিত মত বিনিময় করা সহ বিভিন্ন সভা , সেমিনারে কারিগরি শিক্ষার গুরত্ব তুলে ধরে জনসাধারনের মধ্যে আগ্রহ সৃষ্টির কার্যক্রম অব্যাহত আছে। ৪তলা ভিত্তি বিশিষ্ট দ্বিতল একাডেমিক ভবন নির্মাণ, ইলেকট্রিক্যাল ওয়ার্কশপ-১ ও ২, ড্রেস মেকিং ওয়ার্কশপ-১, ২ ও ৩ এবং কম্পিউটার ল্যাব-১ ও ২ এর অবকাঠামো উন্নয়ন ও ওয়াশরুম সমেত বিভাগীয় প্রধানদের ৪ টি চেম্বার আধুনিকায়ন, ১০ টি টয়লেট ও ওয়াশব্লক সহ একটি নতুন টয়লেট ব্লক নির্মাণ,শহীদ মিনার নির্মাণ, কম্পিউটার ল্যাব এর জন্য ১০ টি কম্পিউটার সংগ্রহ এবং ২০ কেভিএ ক্ষমতা সম্পন্ন একটি জেনারেটর স্থাপন করা হয়েছে।

(খ) সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ

আন্তর্জাতিক শ্রমবাজার উপযোগী মানসম্মত শিক্ষা ও প্রশিক্ষণ সুনিশ্চিত করতে প্রধান চ্যালেঞ্জ হচ্ছে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, দক্ষ ও প্রশিক্ষিত শিক্ষক নিয়োগ, পরিবর্তনশীল টেকনোলজীর সাথে খাপ খাওয়াতে শিক্ষকদের প্রশিক্ষণদান এবং আধুনিক যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহ।

(গ) ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

অবকাঠামোগত উন্নয়ন ঃ প্রতিটি ট্রেডের জন্য ২ টি করে মানসম্মত ওয়ার্কশপ নির্মাণ, অন্যান্য অবকাঠামোগত সমস্যা দূরীকরনে একটি মাল্টিপারপাস ভবন নির্মাণ করা, একাডেমিক ভবনের ৩য় ও ৪র্থ তলার উর্দ্ধমূখী সম্প্রসারণ ও আনুভুমিক সম্প্রসারণ, স্টাফ কোয়ার্টার নির্মান, অধ্যক্ষ কোয়ার্টার নির্মান, ছাত্রবাস নির্মাণ, ছাত্রী হোস্টেল নির্মাণ, ডরমেটরী নির্মান সকল শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন আইসিটি ল্যাব ও লাইব্রেরী ভবন নির্মান

দক্ষতা ,প্রশিক্ষন ও পলিসি উন্নয়ন ঃ প্রয়োজনীয় দক্ষতা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে ভোকেশনাল ট্রেডসমূহের প্রশিক্ষন কার্যক্রম গুলোকে Competency Based করা। এলাকা ভিত্তিক শ্রম-বাজারে তথ্য সম্বলিত একটি ডাটাবেজ প্রণয়ন। NTVQF বাস্তবায়ন করা। প্রতিষ্ঠানে যুগোপযোগী ইমার্জিং টেকনোলজি প্রবর্তন করা । শিক্ষকদের প্রয়োজনীয় স্কীল প্রশিক্ষণ। উচ্চতর কারিগরি কোর্স চালুকরন এবং SEIP প্রকল্পে অন্তর্ভূক্তি।

২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

❖ নতুন দুটি ট্রেডের জন্য দুটি মানসম্মত ওয়ার্কশপ নির্মাণ, ১০ তলা ফাউন্ডেশনকৃত ৪৩২ বর্গমিটার একটি মাল্টিপারপাস ভবন নির্মাণ। উক্ত ভবনে কম্পিউটার ল্যাব, ড্রইং ল্যাব, ছাত্র কমনরুম, ছাত্রী কমনরুম, মাল্টিমিডিয়া ক্লাসরুম, কনফারেন্স রুম এবং আধুনিক বিজ্ঞানাগার নির্মাণ, ৩০০ জোড়া বেঞ্চ সংগ্রহ।

❖ CBT & A কোর্সের আওতায় NTVQF Level-1 চালুকরণ।

❖ এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ড্রপ আউট কমানো এবং পাশের হার শতভাগ করা।

❖ আরো একটি টেকনোলজিতেডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করণ।

❖ স্কুল ইন্ডাষ্ট্রি রিলেশনশীপ জোরদারকরণ, জব প্লেসমেন্ট সেলের কার্যক্রম জোরদার করা, সামাজিক সাংস্কৃতিক কর্মকান্ডে অধিক হারে সম্পৃক্ত হওয়া, নিজস্ব ডাইনামিক ওয়েভসাইট নিয়মিত Update রাখা।

উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করণ, সুশাসন সুসংহত করণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ

মোঃ মিজানুর রহমান

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক

অশোক কুমার বিশ্বাস- এর

মধ্যে ২০১৭ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

১। কারিগরি শিক্ষার ক্ষেত্রে যে সকল ফলাফল (Outcome) নির্ধারণ করা হয়েছে তা যথাসময়ে বাস্তবায়ন করা হবে।
২। ফলাফল মূল্যায়নে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।
৩। কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে সকল স্টেক হোল্ডারসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।
৪। কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে অধিদপ্তর এবং প্রতিষ্ঠানের মধ্যে সংযোগ বৃদ্ধির প্রয়াস নেয়া হবে।
৫। সব ধরনের অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কমিটি গঠন পূর্বক দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।